

এইচএসসি পরীক্ষার্থীরা বিপাকে

হরতাল প্রত্যাহারের আস্থান শিক্ষামন্ত্রীর

যাযাদি রিপোর্ট

বিরোধীদের রাজনৈতিক কর্মসূচির কারণে বিপাকে পড়েছে উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষার্থীরা। বিএনপির সাংগঠনিক সম্পাদক ও সিলেট জেলা বিএনপির সভাপতি এম. ইলিয়াস আলীর নির্বোধ হওয়ার পর রোববার সারাদেশে হরতাল ডেকেছে বিএনপি। ওইদিন এইচএসসি ও সমমানের প্রকৌশল অঙ্গন এবং ওয়ার্কশপ প্রকৃষ্টিস প্রথমপত্র, সমরস্বিন্যা (তৃতীয়) প্রথমপত্র, গার্হস্থ্য অর্থনীতি (তৃতীয়) প্রথমপত্র, পরিসংখ্যান (তৃতীয়) প্রথমপত্র, সাধারণ বিজ্ঞান এবং যাদা ও পুষ্টি বিজ্ঞান (তৃতীয়) প্রথমপত্র (রসায়ন), সাধারণ বিজ্ঞান এবং যাদা ও পুষ্টি বিজ্ঞান (তৃতীয়) প্রথমপত্র (জীববিজ্ঞান) এবং ক্রীড়া (তৃতীয়) প্রথমপত্রের পরীক্ষা সৃষ্টি হয়েছে। এ অবস্থায় এইচএসসি পরীক্ষার্থীদের কথা বিবেচনা করে হরতাল কর্মসূচি পুনর্বিবেচনা করতে বিএনপির প্রতি আস্থান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। শিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে মন্ত্রী বলেছেন, পরীক্ষার্থী ও ছাত্রছাত্রীরা দলমত ধর্ম-বর্ণ নির্বিশেষে আমাদের সন্তান, আমাদের ভবিষ্যৎ। এর আগে হরতাল কর্মসূচির কারণে সিলেট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড ও কারিগরি শিক্ষাবোর্ডের এইচএসসি ও সমমানের বৃহস্পতিবারের সব বিষয়ের পরীক্ষা স্থগিত করা হয়। এছাড়া চলতি মাসে দেশের



সব প্রাথমিক ও মাধ্যমিক স্কুলগুলোতে প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণীর প্রথম সাময়িক পরীক্ষা শুরু হয়েছে। ওইদিন সিলেট মহানগর, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রথম সাময়িক পরীক্ষাও হয়নি বলে জানা গেছে। গত ১ এপ্রিল থেকে এইচএসসি পরীক্ষা শুরু হয়। রোববার সব বোর্ডের অধীনে এইচএসসি ও সমমানের পরীক্ষা আছে। শিক্ষাবোর্ডগুলো ওইদিন পরীক্ষা স্থগিত বিষয়ে এখনো আনুষ্ঠানিকভাবে কিছু জানায়নি। দেশব্যাপী এই পরীক্ষায় দেশের ৮টি সাধারণ শিক্ষাবোর্ড, একটি কারিগরি ও একটি মাদ্রাসা শিক্ষাবোর্ডের ৯ লাখ ২৬ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। তৃতীয় পরীক্ষা শেষ হবে ২০ মে এবং ব্যবহারিক পরীক্ষা ২৩ মে থেকে শুরু হয়ে ৬ জুন শেষ হবে। হরতাল কর্মসূচি থাকায় সন্তোষ গেবে বৃহস্পতিবার রাজধানীতে ছিল অস্বাভাবিক যানজট। এর মধ্যে ঢাকা শিক্ষাবোর্ডের এইচএসসি পরীক্ষার্থীদের পৌরনীতি দ্বিতীয়পত্র, জীববিজ্ঞান তৃতীয় দ্বিতীয়পত্র, ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা দ্বিতীয়পত্র, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয়পত্র, উচ্চাঙ্গ সঙ্গীত তৃতীয় দ্বিতীয়পত্র বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত যানজট ও যানবাহন না পাওয়ায় পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের গন্তব্যে পৌঁছতে হয়েছে নানা বিড়ম্বনা।